

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত সেবার মান উন্নীতকরণ উপকমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : এ জে এম আব্দুল্যাহেল বাকী, পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
তারিখ ও সময় : ০১.১০.২০১৯ তারিখ বিকাল ০৩.০০ টা।
স্থান : পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি) এর অফিসকক্ষ।
সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা নিম্নরূপ :

নং	পদবী ও কর্মস্থল
১.	জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
২.	জনাব এ.এইচ.এম কামরুজ্জামান, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৩.	জনাব সোনিয়া চৌধুরী, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৪.	জনাব মোহাম্মদ আহিদুজ্জামান, সহকারী লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য-সচিবকে আলোচ্যসূচী মোতাবেক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব আলোচ্যসূচী মোতাবেক সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচী-১ : সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে নিয়মিত সভা করা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা।

সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ইতোমধ্যে ২৭.০৮.২০১৯ তারিখে অংশীজনের অংশগ্রহণে সভা করা হয়েছে এবং পরিসংখ্যান শাখাকে অবহিত করা হয়েছে। সেবার মান উন্নীতকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে প্রতিমাসে ন্যূনতম একটি সভা করার ব্যাপারে আলোচনা করা হয়। তাছাড়া সেবার মান উন্নীতকরণ, অংশীজনের অংশগ্রহণে সভা এবং গণশুনানী বিষয়ে পৃথক নথি খোলার ব্যাপারে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : ১) প্রতিমাসে অংশীজনের অংশগ্রহণে ন্যূনতম একটি সভা করতে হবে।

২) সেবারমান উন্নীতকরণ সংক্রান্ত, অংশীজনের অংশগ্রহণে সভা সংক্রান্ত এবং গণশুনানী বিষয়ে তিনটি পৃথক নথি খুলতে হবে।

৩) সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক পরিসংখ্যান শাখাকে অবহিত করতে হবে।

আলোচ্যসূচী-২ : তথ্য অধিকার আইন ২০০৯ এর ৬ ধারা অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রণয়ন করা ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের ওয়েবসাইটে প্রকাশ করা।

তথ্য অধিকার আইন ২০০৯ এর ৬ ধারা অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন শাখার প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রণয়ন করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের তথ্য প্রদান সংক্রান্ত তালিকা উপপরিচালক, প্রসাসনিক বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) এবং উন্নয়ন সংক্রান্ত বিষয়ে সহকারী পরিচালক (উন্নয়ন ও আইটি) প্রদেয় তথ্যের তালিকা প্রস্তুতপূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদিত তালিকা গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবসাইটে এবং পাঠসেবা সংক্রান্ত তালিকা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

আলোচ্যসূচী-৩ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)

সেবার মান উন্নীতকরণের লক্ষ্যে অভিযোগকারীদের অভিযোগসমূহ নিয়ে প্রতিমাসে সভা করতে হবে এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক পরিসংখ্যান শাখাকে অবহিত করতে হবে। অভিযোগ লিখিত কিংবা মৌখিক হতে পারে। এলক্ষ্যে প্রতিমাসের প্রথম সপ্তাহে অভিযোগবন্ধ খোলার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। অভিযোগ ও তার প্রতিকার বিষয়ক তথ্য চার কলামে (ক্রমিক নং, অভিযোগ, প্রতিকার, মন্তব্য) Matrix আকারে উপস্থাপন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : ১) প্রতিমাসে ন্যূনতম একটি অংশীজনের অংশগ্রহণে সভা করতে হবে।

২) অভিযোগ লিখিত কিংবা মৌখিক হতে পারে।

৩) অভিযোগবন্ধ প্রতিমাসের প্রথম সপ্তাহে খুলতে হবে।

৪) অভিযোগ ও তার প্রতিকার বিষয়ে তথ্য চার কলামে (ক্রমিক নং, অভিযোগ, প্রতিকার, মন্তব্য) Matrix আকারে উপস্থাপন করতে হবে।

আলোচ্যসূচী-৪ : গণশুনানী আয়োজন।

সেবার কাঙ্ক্ষিত মান উন্নয়নে প্রতিমাসে ন্যূনতম একবার গণশুনানী আয়োজনের ব্যাপারে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সেবার মান উন্নয়নে প্রতিমাসে অন্তত একবার অভিযোগকারীদের নিয়ে গণশুনানী আয়োজন করতে হবে। পূর্ববর্তী ০২.০৭.২০১৯ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত কর্মকর্তাগণ গণশুনানীর ব্যবস্থা গ্রহণ করবেন।

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(এ জে এম আব্দুল্যাহেল বাকী)

আহ্বায়ক, সেবার মান উন্নীতকরণ উপকমিটি
ও পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি)।

নং ৪৩.২৬.০০০০.০০২.৪১.৭১২.১৯.২০১৭ (৬)

তারিখ : ২৭/০৫/২০২৬
০২/১০/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. পরিচালক (প্রশাসন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৩. লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪. সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৫. লাইব্রেরিয়ান (পাঠকসেবা, ২য় শিফট), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৬. সহকারী পরিচালক (উন্নয়ন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৭. সহকারী লাইব্রেরিয়ান (পাঠকসেবা, ২য় শিফট), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(এ এইচ এম কামরুজ্জামান)

লাইব্রেরিয়ান

ফোন - ৫৮৬১৭০১৭